দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 6

18

222

# চট্টগ্রামে দু'টি কলেজে নির্বাচন বর্জন ।। কাল হরতাল আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১লা এপ্রিল।— আগামী ৩রা এপ্রিল সোমবার চট্টগ্রাম কলেজ ও মহসীন কলেজ ছাত্র সংসদের অনুষ্ঠেয় নির্বাচন ইসলামী ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসের কারণে ছাত্র সংগ্রাম পরিষদ, জাতীয়তাবাদী ছাত্রদল ও কলেজ দুটির সাধারণ ছাত্রীরা বর্জন করেছে। তারা নির্বাচন অবিলম্বে স্থগিত ঘোষণা করা না হলে আগামী ৩রা এপ্রিল চট্টগ্রামে পূর্ণদিবস হরতাল পালন করা হবে বলে জানিয়েছে। হরতালের সমর্থনে আজ শহরে মিছিল বের করা হয়।

জামাত-শিবিরের সন্ত্রাসের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ আগামী ৩রা এপ্রিল ভোর ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত এবং জাতীয়তাবাদী ছাত্রদল ভোর ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত চট্টগ্রামে হরতাল ডেকেছে।

কলেজ দুটির ছাত্র সংসদ নির্বাচন ঘোষণার পরপরই শিবির সংঘর্ষ ও সন্ত্রাসের সৃষ্টি করে। এ দুটি কলেজে ছাত্র শিবিরের দখলে সংসদ রয়েছে। গত দু'বছর ধরে অন্যান্য সংগঠনের তৎপরতা একেবারেই চালাতে দেয়নি তারা।

গত ২৭শে মার্চ সশস্ত্র সন্ত্রাসের পর থেকে দুটি কলেজে ছাত্র শিবিরকর্মীরা সংগ্রাম পরিষদ, ছাত্র দল কর্মী ও সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলা চালায় এবং প্রায় দু'শতাধিক ছাত্র-ছাত্রীর পরিচয়পত্র কেড়ে নেয়। শিবিরকর্মীরা হল থেকে অন্যান্য সংগঠনের কর্মীদের বের করে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কাল হরতাল আহবান

(১ম পাতার পর)

দেয় এবং কলেজে না আসার জন্য হুমকি প্রদান করছে। ফলে দুটি কলেজে অন্যান্য সংগঠনের কর্মীরা যেতে পারছে না।

এদিকে দুটি কলেজের কর্তৃপক্ষ ৩রা এপ্রিল নির্বাচন হবেই বলে ঘোষণা দিয়েছেন এবং পরিচয়পত্র ছাড়া কাউকে ভোট দিতে দেয়া হবে না বলে জানান। মহসীন কলেজ কর্তৃপক্ষ গত সপ্তাহে 'নির্বাচনের সময় কোন কিছু হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না' বলে নোটিশ টাঙিয়েছে। বিভিন্ন ছাত্র ও রাজনৈতিক দল কলেজ দু'টির ছাত্রাবাসকে অস্ত্রমুক্ত করার দাবী জানানোর পর গত ৩ দিনে পুলিশ প্রশাসন ক্যাম্পাসে প্রবেশের জন্য কলেজ কর্তৃপক্ষের কাছে অনুমতি চেয়ে পায়নি।

আজ সকালে চট্টগ্রাম কলেজ ক্যাম্পাসে সাংবাদিকরা যেতে চাইলে টহল পুলিশ নিরাপত্তার কারণে প্রবেশের অনুমতি দেয়নি। সুষ্ঠু পরিবেশে নির্বাচন আয়োজনের দাবী জানিয়ে আজ দু'টি কলেজের ছাত্রীরা মিছিল সহকারে পুলিশ কমিশনারের কার্যালয়ে যায় এবং স্মারকলিপি প্রদান করে। পরে ছাত্রীরা শহরে মিছিল বের করে।

কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতিতে চট্টগ্রাম শহরে উত্তেজনা ও ভীতি বিরাজ করছে।

সন্ত্রাসের প্রতিবাদ জানিয়ে আজ ছাত্র সংগ্রাম পরিষদ, জাতীয়তাবাদী ছাত্রদল ও সাধারণ ছাত্রীরা সাংবাদিক সম্মেলনের আয়োজন করে।